দৈনিক খবর

তারিখ ... 10 AUG 1990 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

27

# এরশাদের সাথে ইভান্সের আলোচনা

বাসস জানায়, সফররত অস্ট্রেলীয় পররাষ্ট্রমন্ত্রী সিনেটর গেরেথ ইভান্স গতকাল বৃহস্পতিবার রাষ্ট্রপতির সচিবালয়ে রাষ্ট্রপতি এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন।

বৈঠককালে রাষ্ট্রপতি এরশাদ এবং মিঃ ইভান্স পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। তাদের আলোচনায় দ্বিপাক্ষিক সহযোগিতা, আঞ্চলিক ও আন্তর্জাতিক পরিস্থিতিও স্থান পায়।

রাষ্ট্রপতি এরশাদ দরিদ্র লোকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে তাঁর সরকারের গৃহীত প্রচেষ্টা সম্পর্কে সিনেটর ইভান্সকে অবহিত করেন। তিনি অবশ্য এ সম্পর্কে অস্ট্রেলিয়ার গুরুত্বপূর্ণ সহযোগিতারও প্রশংসা করেন।

তিনি আশাবাদ ব্যক্ত করেন যে, মিঃ ইভান্স-এর এ সফর দু'দেশের জনগণের পারস্পরিক স্বার্থে দু'দেশের মধ্যে উচ্চ পর্যায়ের যোগাযোগের ক্ষেত্র এগিয়ে নিয়ে যাবে।

অস্ট্রেলীয় পররাষ্ট্রমন্ত্রী রাষ্ট্রপতি এরশাদকে অবহিত করেন যে, তাঁর দেশ বাংলাদেশের সঙ্গে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্কের উন্নয়ন চাচ্ছে এবং তাদের উন্নয়ন প্রক্রিয়ায় বৃহত্তর পরিসরে অংশগ্রহণের প্রত্যাশা রয়েছে।

পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, অস্ট্রেলিয়ায় নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার এয়ার ভাইস মার্শাল (অবঃ) সুলতান মাহমুদ এবং বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলীয় হাই কমিশনার এ সময় উপস্থিত ছিলেন।

সফররত অস্ট্রেলীয় পররাষ্ট্র ও বাণিজ্যমন্ত্রী মিঃ গেরেথ ইভান্স গতকাল বৃহস্পতিবার উপ-রাষ্ট্রপতি মওদুদ আহমেদের সঙ্গে তাঁর সচিবালয়স্থ দফতরে সাক্ষাৎ করেন।

তিনি উপ-রাষ্ট্রপতির সঙ্গে প্রায় এক ঘন্টা অতিবাহিত করেন এবং তাঁরা পারস্পরিক স্বার্থ ও বিশ্ব পরিস্থিতি নিয়ে আলোচনা করেন।